ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# সেবা খাতে দুর্নীতি:
# জাতীয় খানা জরিপ ২০১২

**২৮ ডিসেম্বর ২০১২**

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# প্রেক্ষাপট

| ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল (টিআই)-এর গবেষণা/ জরিপ | ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)-এর গবেষণা/ জরিপ |
|---|---|
| ▪ Corruption Perceptions Index (CPI)<br>▪ Bribe Payers' Index (BPI)<br>▪ Corruption Barometer<br>▪ Global Corruption Report (GCR)<br>▪ National Integrity System (NIS) Assessments | ▪ ডায়াগনস্টিক গবেষণা<br>▪ জাতীয় খানা জরিপ<br>▪ পার্লামেন্ট ওয়াচ<br>▪ রিপোর্ট কার্ড জরিপ<br>▪ কার্যপত্র ও অন্যান্য জরিপ |
| **দুর্নীতির ধারণা সূচক (সিপিআই)**<br>▪ বিভিন্ন দেশের রাজনীতি, ব্যবসায় ও প্রশাসনে দুর্নীতির বিস্তারের ওপর ধারণার তুলনামূলক প্রতিফলন<br>▪ ১০-১৫টি আন্তর্জাতিক সংস্থার দ্বারা সম্পন্ন জরিপের ভিত্তিতে তৈরি সূচক<br>▪ এর আওতা মূলত জাতীয় পর্যায়ের বড় আকারের দুর্নীতি (Grand Corruption) | **জাতীয় খানা জরিপ**<br>▪ তথ্যদাতাদের প্রত্যক্ষ অভিজ্ঞতালব্ধ তথ্যের ওপর নির্ভরশীল<br>▪ সেবা খাতে সেবা নিতে গিয়ে খানাগুলো যে ধরনের দুর্নীতির শিকার হয়<br>▪ এর আওতা ছোট আকারের দুর্নীতি (Petty Corruption) |

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# প্রেক্ষাপট

- ১৯৯৭ সাল থেকে শুরু করে এ পর্যন্ত ছয়টি খানা জরিপ সম্পন্ন
- জরিপে নমুনায় অন্তর্ভুক্ত খানাগুলোর সদস্যদের কাছ থেকে তাদের অভিজ্ঞতার ভিত্তিতে দুর্নীতি সংক্রান্ত তথ্য সংগ্রহ; সংশ্লিষ্ট খাতে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে সেবা প্রদানে দুর্নীতির অভিজ্ঞতা এ জরিপে বিবেচনা করা হয়েছে
- জরিপে ব্যবহৃত দুর্নীতির সংজ্ঞা: 'ব্যক্তিস্বার্থে ক্ষমতার অপব্যবহার'
- দুর্নীতির আওতা:
  - নিয়ম-বহির্ভূতভাবে অর্থ দেওয়া (ঘুষ দেওয়া বা দিতে বাধ্য হওয়া)
  - অর্থ বা সম্পদ আত্মসাৎ
  - প্রতারণা
  - দায়িত্বে অবহেলা
  - স্বজনপ্রীতি
  - সময়ক্ষেপণ ও বিভিন্ন ধরনের হয়রানি

# খানা জরিপের উদ্দেশ্য

**মূল উদ্দেশ্য:** বাংলাদেশের খানাগুলোর অভিজ্ঞতার ভিত্তিতে বিভিন্ন সেবা খাতে দুর্নীতির প্রকৃতি ও মাত্রা নিরূপণ করা

**সুনির্দিষ্ট উদ্দেশ্য:**

- খানাগুলো সেবামূলক খাত বা প্রতিষ্ঠান হতে বিভিন্ন ধরনের সেবা গ্রহণে কোনো দুর্নীতির শিকার হয়েছে কিনা তা চিহ্নিত করা;
- খানাগুলো বিভিন্ন খাত ও উপখাতে সেবা নিতে গিয়ে যে দুর্নীতি বা হয়রানির শিকার হয় তার প্রকৃতি ও মাত্রা নিরূপণ করা; এবং
- দুর্নীতি প্রতিরোধে ও নিয়ন্ত্রণে দিক-নির্দেশনামূলক সুপারিশ প্রদান করা

## জরিপের তথ্য সংগ্রহ

- খানাগুলোর সেবা নেওয়ার সময়কাল: মে ২০১১ থেকে এপ্রিল ২০১২
- জরিপের তথ্য সংগ্রহের সময়কাল: ১৫ মে - ৪ জুলাই ২০১২

# জরিপে অন্তর্ভুক্ত খাত

১. শিক্ষা
২. স্বাস্থ্য
৩. স্থানীয় সরকার প্রতিষ্ঠান
৪. ভূমি প্রশাসন
৫. কৃষি
৬. আইন-শৃঙ্খলা রক্ষাকারী সংস্থা
৭. বিচারিক সেবা
৮. বিদ্যুৎ
৯. ব্যাংকিং
১০. বীমা
১১. কর ও শুল্ক
১২. শ্রম অভিবাসন
১৩. এনজিও
১৪. অন্যান্য (নিয়োগ, বদলি ও পদোন্নতি, বিআরটিএ, ওয়াসা, পাসপোর্ট, বিটিসিএল, ডাক ইত্যাদি)

## খাত নির্বাচনের যৌক্তিকতা

- দৈনন্দিন জীবনযাত্রায় গুরুত্ব ও প্রভাব
- টিআইবি ও অন্যান্য প্রতিষ্ঠানের বিভিন্ন গবেষণায় এসব খাত চিহ্নিত
- শিক্ষা, বিচারিক সেবা, ব্যাংকিং, বীমা, এনজিও ও শ্রম অভিবাসন খাতে বেসরকারি প্রতিষ্ঠান প্রদত্ত সেবা অন্তর্ভুক্ত

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# জরিপ পদ্ধতি ও নমুনায়ন

- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর **Integrated Multi-purpose Sampling Frame (IMPS)** ব্যবহার করে **Three Stage Stratified Systematic Sampling** প×তিতে পরিচালিত
- পল্লি এলাকায় ৬০% এবং নগর এলাকায় ৪০% নমুনা ধরে বিভিন্ন স্তরে খানা নির্বাচনের ক্ষেত্রে নির্ধারিত স্তরের **(strata)** মোট খানাকে **Square Root transformation** করে নমুনার আকার ৭,০০০ নির্ধারণ
- **Non-response** ধরে সমন্বয়কৃত **(adjusted)** নমুনার আকার ৭,৯০৬
- জরিপকৃত মোট খানা: ৭,৯০৬টি; ইউনিয়ন পরিষদ ৪,৬২৪ (৫৮.৫%), পৌরসভা ১,৯৮১ (২৫%), **Statistical Metropolitan Area** (এসএমএ) ১,৩০১ (১৬.৫%)

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# জরিপ পদ্ধতি ও নমুনায়ন

## খানা নির্বাচন প×তি

- **প্রথম পর্যায়:** দেশের সাতটি বিভাগের ৬৪টি জেলায় দৈবচয়নের মাধ্যমে প্রতিটি স্তর থেকে **Primary Sampling Unit (PSU)** পিএসইউ-সংশ্লিষ্ট গ্রাম বা মহল্লা নির্বাচন; মোট পিএসইউ ৩৫০ (গ্রামাঞ্চল ২১০, শহরাঞ্চল ১৪০)
- **দ্বিতীয় পর্যায়:** পিএসইউ-সংশ্লিষ্ট গ্রাম বা মহল্লা কয়েকটি **segment**-এ ভাগ করে একটি **segment** দৈবচয়নের মাধ্যমে নির্বাচন এবং ১০০ খানার তালিকা তৈরি (লি÷িং)
- **তৃতীয় পর্যায়:** ১০০ খানার তালিকা থেকে **Systematic Sampling** এর মাধ্যমে ইউনিয়ন পরিষদ এলাকায় ২২টি, পৌরসভা এলাকায় ২৩টি ও সিটি করপোরেশন এলাকায় ২৫টি করে খানা নির্বাচন

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# বিভাগভিত্তিক খানার বণ্টন

| বিভাগ | এসএমএ | পৌরসভা/ সিটি | ইউনিয়ন পরিষদ | মোট খানা |
|---|---|---|---|---|
| ঢাকা | ৫৬৮ | ৪৩৭ | ৯৯১ | ১,৯৯৬ |
| চট্টগ্রাম | ৩৪৭ | ৩২২ | ৭৪৮ | ১,৪১৭ |
| রাজশাহী | ১৪২ | ২৫৪ | ৭২৮ | ১,১২৪ |
| খুলনা | ২৪৪ | ২৭৯ | ৬৩৮ | ১,১৬১ |
| বরিশাল | - | ২০৭ | ৪৮৫ | ৬৯২ |
| রংপুর | - | ২৯৯ | ৫৯৪ | ৮৯৩ |
| সিলেট | - | ১৮৩ | ৪৪০ | ৬২৩ |
| মোট খানা | ১,৩০১ | ১,৯৮১ | ৪,৬২৪ | ৭,৯০৬ |


- জরিপে অংশগ্রহণকারী খানার সংখ্যা ৭,৫৫৪ (৯৫.৫%)
- অনুপস্থিত/ প্রত্যাখ্যান ৩৫২ (৪.৫%)

# জরিপ ব্যবস্থাপনা ও তথ্যের মান নিয়ন্ত্রণ

- জরিপের পরিকল্পনা থেকে শুরু করে তথ্য বিশ্লেষণ টিআইবি'র গবেষণা দলের দ্বারা সম্পন্ন
- প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে কমপক্ষে স্নাতক ও অভিজ্ঞ প্রার্থীদের তত্ত্বাবধায়ক ও তথ্য সংগ্রাহক হিসেবে নিয়োগ
- তত্ত্বাবধায়ক ও তথ্য সংগ্রহকারীদের চারদিনব্যাপি প্রশিক্ষণ প্রদান; খসড়া প্রশ্নপত্রের ওপর ফিল্ড টে÷; ফিল্ড টে÷র অভিজ্ঞতার ওপর ভিত্তি করে প্রশ্নপত্র চূড়ান্ত
- জরিপের সময় প্রতিটি দলের সার্বিক পরিবীক্ষণ ও তত্ত্বাবধান
- পূরণকৃত প্রশ্নপত্রের ১০০% সম্পাদনা
- সার্বিকভাবে ২৯.২% যাচাই (অ্যাকম্পানি চেক ৩৩.৭%, ব্যাক চেক ৩৩.৬%, স্পট চেক ২৯.৭%, টেলিফোন চেক ৫.১%)
- এন্ট্রি সম্পন্ন হওয়ার পর ডাটাবেজ হতে প্রাপ্ত উপাত্ত যাচাই এবং খাত-ভিত্তিক ১০-৩০% প্রশ্নপত্র যাচাই
- জরিপের বৈজ্ঞানিক মান নিশ্চিত করতে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে খ্যাতিসম্পন্ন ছয়জনের বিশেষজ্ঞ দলের সার্বিক সহায়তা ও পরামর্শ গ্রহণ

# খানার উল্লেখযোগ্য আর্থ-সামাজিক তথ্য


- **তথ্যদাতার ধরন:** খানাপ্রধান ৬৬.৩%; পরিবারের অন্য সদস্য ৩৩.৭%
- **তথ্যদাতার লিঙ্গ:** নারী ৩৫.৮%, পুরুষ ৬৪.২%
- **তথ্যদাতার শিক্ষাগত যোগ্যতা:** নিরক্ষর ১৩.২%, সাক্ষর ৩১.১%, প্রাথমিক ৩১.৯%, মাধ্যমিক ৯.৭%, উচ্চ মাধ্যমিক ৯.৭%, স্নাতক ও তদূর্ধ্ব ২.৭%, অন্যান্য ১.৭%





**খানাপ্রধানের লিঙ্গ**

ট্রান্সপারেন্সি
ইন্টারন্যাশনাল
বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# খানার উল্লেখযোগ্য আর্থ-সামাজিক তথ্য





খানার নারী-পুরুষ অনুপাত




খানাপ্রধানের ধর্ম

# খানার উল্লেখযোগ্য আর্থ-সামাজিক তথ্য

- **খানাপ্রধানের পেশা:** কৃষি ২০.৬%, দিনমজুর/ ক্ষেতমজুর/ রিকশাচালক ২০.৫%, মাঝারি ব্যবসা ৬.৪%, ক্ষুদ্র ব্যবসা ১৪.৯%, বেসরকারি চাকরি ৮.৯%, সরকারি চাকরি ৬.৬%, অবসরপ্রাপ্ত ৫.১%, গৃহিণী ৭.২%, বেকার ২.৩%, পেশাজীবী ২.১%, প্রবাসী ১.২%, অন্যান্য ৪.২%



ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# খাত ভেদে সেবা গ্রহণ (%)*

| খাত | গ্রামাঞ্চল | শহরাঞ্চল | সার্বিক |
|---|---|---|---|
| স্বাস্থ্য (n=৫৯৫০) | ৭৮.৯ | ৮২.০ | ৭৯.৯ |
| শিক্ষা (n=৫৩৫০) | ৭০.৪ | ৭২.৭ | ৭১.২ |
| স্থানীয় সরকার (n=৩৭৭৮) | ৪৪.৮ | ৫৩.৩ | ৪৭.৬ |
| বিদ্যুৎ (n=৩৯৭৭) | ৩৮.১ | ৬০.৭ | ৪৫.৫ |
| ব্যাংকিং (n=৩১৭৫) | ৩৬.৬ | ৬০.৭ | ৪৪.৫ |
| এনজিও (n=৩০৮৪) | ৪০.৬ | ৩২.৫ | ৩৭.৯ |
| কৃষি (n=২৬৯৫) | ৪১.৬ | ১২.৩ | ৩২.০ |
| বীমা (n=১৯৫৯) | ২৩.৩ | ২৬.১ | ২৪.২ |
| ভূমি প্রশাসন (n=১২৮১) | ১৫.৫ | ১৮.৮ | ১৬.৬ |

*শতকরা হার ভর দিয়ে সমন্বয় করা হয়েছে*

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# খাত ভেদে সেবা গ্রহণ (%)*

| খাত | গ্রামাঞ্চল | শহরাঞ্চল | সার্বিক |
|---|---|---|---|
| আইন-শৃঙ্খলা রক্ষাকারী সংস্থা (n=৬৬৫) | ৮.৮ | ১০.১ | ৯.২ |
| বিচারিক সেবা (n=৬৩৫) | ৮.৭ | ৮.৫ | ৮.৬ |
| শ্রম অভিবাসন (n=২২৬) | ৩.২ | ৩.০ | ৩.২ |
| কর ও শুল্ক (n=২৩৫) | ০.৮ | ৬.০ | ২.৫ |
| অন্যান্য (n=৯৩২)** | ১০.৭ | ১৯.৯ | ১৩.৭ |
| সার্বিকভাবে কোনো না কোনো খাতে সেবা গ্রহণ (n=৭৫৩৪)*** | ৯৯.৮ | ৯৯.৬ | ৯৯.৭ |


** শতকরা হার ভর দিয়ে সমন্বয় করা হয়েছে*

*** অন্যান্যের মধ্যে রয়েছে বিআরটিএ, ওয়াসা, পাসপোর্ট, নিয়োগ, বদলি ও পদোন্নতি, বিটিসিএল, ডাক ইত্যাদি*

**** খানাগুলো গড়ে চারটি খাত থেকে সেবা নিয়েছে*

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# বিভিন্ন খাতে দুর্নীতির শিকার হওয়ার হার*




** শতকরা হার ভর দিয়ে সমন্বয় করা হয়েছে; ভর খানা পর্যায়ে দেওয়া হয়েছে*


*** প্রতিটি খাতের পাশের বন্ধনীতে ঐ খাতে দুর্নীতির শিকার হওয়া খানার সংখ্যা (n) দেওয়া হয়েছে*

**** সার্বিকভাবে দুর্নীতির শিকার হওয়া খানার হারের **standard error +/- ২.০***

***** স্বাস্থ্যসেবার ক্ষেত্রে শুধু সরকারি প্রতিষ্ঠান থেকে গৃহীত সেবা বিবেচনা করা হয়েছে*

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# খাত ভেদে দুর্নীতির তুলনামূলক চিত্র




** শতকরা হার ভর দিয়ে সমন্বয় করা হয়েছে*

*** একই নির্দেশকের ভিত্তিতে সবগুলো খাতের তুলনা করা হয়েছে*

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# বিভিন্ন খাতে নিয়ম-বহির্ভূত অর্থ

| খাত | ঘুষ ও নিয়ম-বহির্ভূত অর্থ দেওয়ার হার (%)* | ঘুষ ও নিয়ম-বহির্ভূত অর্থের গড় (টাকা)** |
|---|---|---|
| শ্রম অভিবাসন (n=১৮০) | ৭৭.০ | ১,৯৯,৬৭৬ |
| আইন-শৃঙ্খলা রক্ষাকারী সংস্থা (n=৪১১) | ৬৬.৯ | ৭,০৮০ |
| ভূমি প্রশাসন (n=৬৫৯) | ৫৪.৮ | ৭,৮০৭ |
| বিচারিক সেবা (n=২৩৮) | ৩৮.১ | ১১,৭১১ |
| শিক্ষা (n=১৬৪৮) | ৩০.৭ | ১০০ |
| স্থানীয় সরকার (n=৭৮৫) | ২৫.৫ | ৩৯৬ |
| স্বাস্থ্য (n=৫৩৫) | ২১.৫ | ২৫৮ |
| কৃষি (n=৫০০) | ১৬.২ | ২৪৫ |

** শতকরা হার ও নিয়ম-বহির্ভূত অর্থের গড় ভর দিয়ে সমন্বয় করা হয়েছে*

*** সার্বিকভাবে নিয়ম-বহির্ভূত অর্থের standard error +/- ২.১*

# বিভিন্ন খাতে নিয়ম-বহির্ভূত অর্থ

| খাত | ঘুষ ও নিয়ম-বহির্ভূত অর্থ দেওয়ার হার (%)* | ঘুষ ও নিয়ম-বহির্ভূত অর্থের গড় (টাকা)** |
|---|---|---|
| কর ও শুল্ক (n=৩৩) | ১২.৪ | ৩,৪৮২ |
| বিদ্যুৎ (n=৪৪৩) | ১২.০ | ১,৭২৫ |
| ব্যাংকিং (n=১৬৪) | ৪.৯ | ২,৩১৮ |
| বীমা (n=৬০) | ৩.২ | ৯,২২২ |
| এনজিও (n=৩৭) | ১.৬ | ৮৩১ |
| অন্যান্য (n=১৮০)*** | ৩৪.০ | ১০,১৯৩ |
| সার্বিক (n=৩৮৯৫) | ৫৩.৩ | ১৩,০৮৪ |


** শতকরা হার ও নিয়ম-বহির্ভূত অর্থের গড় ভর দিয়ে সমন্বয় করা হয়েছে*


*** সার্বিকভাবে নিয়ম-বহির্ভূত অর্থের* **standard error +/- ২.১**

**** অন্যান্যের মধ্যে রয়েছে বিআরটিএ, ওয়াসা, পাসপোর্ট, নিয়োগ, বদলি ও পদোন্নতি, বিটিসিএল, ডাক ইত্যাদি*

# গ্রামাঞ্চল ও শহরাঞ্চল ভেদে দুর্নীতি ও ঘুষের হার

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন





ঘুষ ও নিয়ম-বহির্ভূত অর্থের গড়


ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# ঘুষ ও নিয়ম-বহির্ভূত অর্থ দেওয়ার কারণ




ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# আয়ের শ্রেণি ভেদে দুর্নীতির অভিজ্ঞতা (%)




- সর্বনিম্ন আয়ের খানাগুলো গড়ে ৪ টি খাত হতে সেবা নেয়, পক্ষান্তরে সর্বোচ্চ আয়ের খানাগুলো গড়ে ৬ টি খাত হতে সেবা নেয়
- কিছু ব্যতিক্রম ছাড়া, একই খাতের জন্যে উচ্চ আয়ের খানাগুলো অধিক হারে সেবা গ্রহণ করে
- উচ্চতর আয়ের খানাগুলো সাধারণতঃ যেসকল খাত হতে সেবা গ্রহণ করে সেগুলোর দুর্নীতির হারও বেশী
- একথা ধারণা করা অযৌক্তিক নয় যে উচ্চ আয়ের খানাগুলোর ক্ষেত্রে দুর্নীতি বা নিয়ম বহির্ভূত অর্থ প্রদানের মাধ্যমে কাজ করিয়ে নেবার প্রবণতাও বেশী


# ব্যয়ের শ্রেণি ভেদে দুর্নীতির অভিজ্ঞতা (%)




- সর্বনিম্ন ব্যয়ের খানাগুলো গড়ে চারটি খাত হতে সেবা নেয়, পক্ষান্তরে সর্বোচ্চ ব্যয়ের খানাগুলো গড়ে সাতটি খাত হতে সেবা নেয়


ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# আয়ের শ্রেণী ভেদে খানার ঘুষের হার (%)



ট্রান্সপারেন্সি
ইন্টারন্যাশনাল
বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন


# ব্যয়ের শ্রেণী ভেদে খানার ঘুষের হার (%)




- আয় ও ব্যয়ের অনুপাতে প্রদত্ত নিয়ম-বহির্ভূত অর্থের পরিমাণ দরিদ্র খানাগুলির ক্ষেত্রে তুলনামূলক বেশি, এই হিসাবে দুর্নীতির বোঝা তাঁদের ওপরেই অধিক

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# খানাপ্রতি নিয়ম-বহির্ভূত অর্থের গড় পরিমাণ





** খানাপ্রতি নিয়ম-বহির্ভূত অর্থের গড় খানা পর্যায়ে ভর দিয়ে প্রা°লন করা হয়েছে*

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
*দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন*

# মোট নিয়ম-বহির্ভূত অর্থ: জাতীয় পর্যায়ে প্রাক্কলন

## মোট নিয়ম-বহির্ভূত অর্থের পরিমাণ (কোটি টাকা)




- জাতীয়ভাবে প্রা°লিত মোট নিয়ম-বহির্ভূত অর্থের পরিমাণ ২০১১-১২ অর্থবছরে বাংলাদেশের জিডিপি'র ২.৪% এবং জাতীয় বাজেটের (সংশোধিত) ১৩.৬%
- ২০১০-এর জরিপে জাতীয়ভাবে প্রা°লিত মোট নিয়ম-বহির্ভূত অর্থের পরিমাণ ছিল ২০০৯-১০ অর্থবছরে বাংলাদেশের জিডিপি'র ১.৪% এবং জাতীয় বাজেটের (সংশোধিত) ৮.৭%
- বাংলাদেশে মোট খানার সংখ্যা ৩.১৮ কোটি (*সূত্র: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো*, ২০১১)

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# খাতওয়ারি দুর্নীতি

## শ্রম অভিবাসন

- নিয়ম অনুযায়ী অভিবাসন ব্যয় হিসেবে পুরুষদের জন্য সর্বোচ্চ ৮৪,০০০ টাকা ও নারীদের জন্য সর্বোচ্চ ২০,০০০ টাকা নির্ধারিত
- এ জরিপে অভিবাসনে ব্যয়িত অতিরিক্ত অর্থ প্রা°লন করার জন্য প্রথমত মোট ব্যয়িত অর্থ থেকে নির্ধারিত সর্বোচ্চ অনুমোদিত অর্থ বিয়োগ করে হয়েছে, এবং দ্বিতীয়ত অভিবাসন বৈধ কিনা অর্থাৎ বৈধ ভিসায় গিয়েছে কিনা তা বিবেচনা করা হয়েছে
- **সেবা গ্রহণ:** ৩.২% খানা
- **দেশের বাইরে গিয়েছে:** ২.৫% খানা থেকে; সবচেয়ে বেশি আরব আমিরাত (৪৩.৫%) ও ওমান (২৪.১%)
- **ভিসার ধরন:** চুক্তিভিত্তিক নির্দিষ্ট মেয়াদি ভিসা (৮৮.৬%), ফ্রি ভিসা (৬.৯%), ভ্রমণ ভিসা (২.৭%), শিক্ষা ভিসা (০.৯%), হজ্জ/ ওমরা ভিসা (০.৫%), অন্যান্য ধরনের ভিসা (০.৬%)

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# খাতওয়ারি দুর্নীতি

## শ্রম অভিবাসন

- **ভিসা কেনার মাধ্যম:** পরিবারের সদস্য/ আত্মীয়/ পরিচিত ব্যক্তি (৬৩.৭%), রিক্রুটিং এজেন্সি (২১.৩%), দালাল (১৫.৬%), বোয়েসেল (০.৭%), অন¨ান¨ (১.৯%)
- **দুর্নীতির শিকার:** ৭৭%
- **দুর্নীতির ধরন:** অতিরিক্ত টাকা প্রদান (৫৪.১%), টাকা আত্মসাৎ (৪৮.২%), চুক্তি অনুযায়ী কাজ না দেওয়া (১৮.৩%), অতিরিক্ত সময়ক্ষেপণ (১১.৬%), চুক্তি অনুযায়ী বেতন না দেওয়া (১১.১%), ও অন্যান্য ধরনের দুর্নীতি (০.৯%)
- **সেবা পাওয়ার জন্য নিয়ম-বহির্ভূত অর্থ:** গড়ে ১,৯৯,৬৭৬ টাকা
- **দুর্নীতির জন্য দায়ী ব্যক্তি:** আত্মীয়/ পরিচিত (৫৫.২%), দালাল (২৯.৩%), রিক্রুটিং এজেন্ট (২১.৯%)

# খাতওয়ারি দুর্নীতি

## আইন-শৃঙ্খলা রক্ষাকারী সংস্থা

- **সেবা গ্রহণ:** ৯.২% খানা; থানা পুলিশ (৭৩.৩%), স্পেশাল ব্রাঞ্চ (১৭.৪%), ট্রাফিক পুলিশ (১০.৯%)
- **দুর্নীতির শিকার:** ৭৫.৮%; গ্রামাঞ্চলের ৭৯.৩%, শহরাঞ্চলের ৬৯.৬%
- **সংশ্লিষ্ট প্রতিষ্ঠান:** হাইওয়ে পুলিশ (৮৮.৯%), ট্রাফিক পুলিশ (৮৮.২%), স্পেশাল ব্রাঞ্চ (৮৩.৬%), থানা পুলিশ (৭৩.৬%)
- **দুর্নীতির ধরন:** ঘুষ দিতে বাধ্য হওয়া (৮৯%), মিথ্যা মামলায় জড়ানো (১৪.৪%), অসদাচরণ বা ভীতি প্রদর্শন (১৪.৪%), জিডি/ এফআইআর গ্রহণে সময়ক্ষেপণ (১১.৭%)
- **নিয়ম-বহির্ভূত অর্থ:** গড়ে ৭,০৮০ টাকা (থানা পুলিশ গড়ে ৭,৯১৩ টাকা, ট্রাফিক পুলিশ গড়ে ৩,০২৫ টাকা)

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# খাতওয়ারি দুর্নীতি

## ভূমি প্রশাসন

- **সেবা গ্রহণ: ১৬.৬% খানা**
- **দুর্নীতির শিকার: ৫৯%**
- **সেবার ক্ষেত্র:** নামজারী (মিউটেশন) (৩৪.৬%), দলিল রেজিষ্ট্রেশন (৩০.১%), ডকুমেন্ট উত্তোলন ও তল্লাশি (২৯.৫%), খাজনা বা ভূমি উন্নয়ন কর পরিশোধ (১৮.৩%), ভূমি জরিপ (৬.৪%), খাস জমি বন্দোবস্ত (১.৫%), অন্যান্য (যেমন ভূমি অধিগ্রহণ) ক্ষেত্রে (০.৯%)
- **দুর্নীতির ধরন:** ঘুষ দিতে বাধ্য হওয়া (৯২.৮%), সময়ক্ষেপণ (৩৫.১%), অন্যান্য (স্বজনপ্রীতি, ভীতি প্রদর্শন, অতিরিক্ত অর্থ দাবি করে হয়রানি) (৮.০%)
- **নিয়ম-বহির্ভূত অর্থ:** গড়ে ৭,৮০৭ টাকা

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# খাতওয়ারি দুর্নীতি

## বিচারিক সেবা

- **সেবা গ্রহণ:** ৮.৬% খানা; জজ কোর্ট (৬৭.৫%), ম্যাজিস্ট্রেট কোর্ট (২৪.৯%), বিশেষ আদালত ও ট্রাইবুনাল (১০.২%), উচ্চ আদালত (০.৫%)
- **মামলার ধরন:** জমি বা সম্পত্তি সংক্রান্ত বিরোধ (৬৫%), মারামারি (৮.৪%), নারী ও শিশু নির্যাতন (৮.৪%), হত্যা (৪.৫%)
- **দুর্নীতির শিকার:** ৫৭.১%
- **দুর্নীতির ধরন:** ঘুষ দিতে বাধ্য হওয়া (৬৮%), আইনজীবীর উদ্দেশ্যমূলকভাবে সময়ক্ষেপণ (২৪.৪%), আইনজীবীর অতিরিক্ত টাকা দাবি (১৩.৬%)
- **নিয়ম-বহির্ভূত অর্থ:** সার্বিকভাবে গড়ে ১১,৭১১ টাকা; জজ কোর্টে গড়ে ১১,৫২৮ টাকা, ম্যাজিস্ট্রেট কোর্টে গড়ে ৯,৫২৯ টাকা, বিশেষ আদালত ও ট্রাইবুনালে গড়ে ৮,২৬৮ টাকা

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# খাতওয়ারি দুর্নীতি

## স্বাস্থ্য

- **সেবা গ্রহণ:** ৭৯.৯% খানা; সরকারি প্রতিষ্ঠান থেকে ৫০.২%
- **দুর্নীতির শিকার:** ৪০.২%
- **নিয়ম-বহির্ভূত অর্থ:** ২১.৫% খানা; অর্থের পরিমাণ খানাপ্রতি গড়ে ২৫৮ টাকা
- **সেবা ভেদে নিয়ম-বহির্ভূত অর্থ দেওয়ার হার:** অ্যাম্বুলেন্স (৩২.৬%); ট্রলি ব্যবহার (২০.০%); ব্যান্ডেজ/ড্রেসিং (১৭.৩%), প্রসূতি সেবা (১৭.০%); ইনজেকশন পুশ (১২.১%), অপারেশন (১২.১%), বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা (১১.৪%), শয্যা/ কেবিন (১০.৪%), টিকিট ক্রয় (৯.৩%) ও ডাক্তার দেখানো (৮.৭%)
- **দালাল দ্বারা হয়রানির শিকার:** সর্বোচ্চ মেডিকেল কলেজ হাসপাতালে (১৭.৩%)

# খাতওয়ারি দুর্নীতি

## শিক্ষা

- **সেবা গ্রহণ:** ৭১.২% খানা
- **দুর্নীতির শিকার:** ৪০.১%; **নিয়ম-বহির্ভূত অর্থ:** ৩০.৭%
- **স্তর ভেদে অনিয়ম ও দুর্নীতির শিকার:** প্রাথমিক (৪৪.১%), মাধ্যমিক (৫%), উচ্চ মাধ্যমিক (৪.৬%), স্নাতক ও স্নাতকোত্তর (৪.২%)
- **প্রতিষ্ঠানের ধরন ভেদে অনিয়ম ও দুর্নীতির শিকার:** সরকারি (৫৯.৬%), বেসরকারি রেজিষ্ট্রার্ড (১৩.২%), প্রাইভেট (৭.৭%), এনজিও (৮.২%)
- **নিয়ম-বহির্ভূত অর্থের পরিমাণ:** সার্বিকভাবে গড়ে ১০০ টাকা, গ্রামাঞ্চলে ৮২ টাকা ও শহরাঞ্চলে ১৬৪ টাকা; প্রাথমিক স্তরে গড়ে ৬১ টাকা, মাধ্যমিক স্তরে গড়ে ৩১৬ টাকা, উচ্চমাধ্যমিক স্তরে ১০১৪ টাকা, স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ৪২৯ টাকা; সবচেয়ে বেশি নিয়ম-বহির্ভূত অর্থ পরীক্ষার নিবন্ধনের জন্য (গড়ে ৩৩১ টাকা)
- **সেবা ভেদে নিয়ম-বহির্ভূত অর্থের হার:** পরীক্ষার ফি (৭৭.২%), ভর্তি/ পুনঃভর্তি ফি (২০.৩%), বই বিতরণ (১৪.৯%), বিবিধ অনুষ্ঠান (১৫.৭%), উপবৃত্তির টাকা প্রাপ্তি (১১%), ভর্তির সুযোগ পাওয়া (৯.৯%)

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# খাতওয়ারি দুর্নীতি

## স্থানীয় সরকার প্রতিষ্ঠান

- **সেবা গ্রহণ:** ৪৭.৬% খানা
- **দুর্নীতির শিকার:** ৩০.৯%
- **দুর্নীতির ধরন:** ঘুষ বা নিয়ম-বহির্ভূত অর্থ (২৫.৫%), দায়িত্বে অবহেলা (৪.৯%), প্রভাবশালীর হস্তক্ষেপ (২.৮%), আত্মসাৎ (১.১%), প্রতারণা (১%)
- **সেবা ভেদে দুর্নীতি:** সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচি (৩৫.৮%); সনদ সংগ্রহ (৩৫.৭%); বিচার ও সালিশ (৩৪.১%), ট্রেড লাইসেন্স (১৬.৬%), অন্যান্য (পানি সেবা, পণ্য শুল্ক, প্ল্যান পাশ, অটো লাইসেন্স) (২৪.৮%)
- **নিয়ম-বহির্ভূত অর্থের পরিমাণ:** সার্বিকভাবে গড়ে ৩৯৬ টাকা; বিচার ও সালিশ (গড়ে ৪,৫২১ টাকা), সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচি (গড়ে ১০৪৮ টাকা), ট্রেড লাইসেন্স (গড়ে ৪৫৬ টাকা), সনদ (গড়ে ৯৪ টাকা), অন্যান্য (গড়ে ২,৯১৬ টাকা)

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# খাতওয়ারি দুর্নীতি

## কৃষি

- **সেবা গ্রহণ:** ৩২% খানা
- **দুর্নীতির শিকার:** ২০.৪%
- **দুর্নীতির ধরন:** অতিরিক্ত টাকা দিতে বাধ্য হওয়া (৮০.১%), নিম্নমানের বীজ সরবরাহ (১১.৫%), সময়মত সার/ বীজ না পাওয়া (৯.৬%), ব্লক সুপারভাইজার সময়মত পরামর্শ না দেওয়া (৬.৩%), রাজনৈতিক প্রভাব বিস্তার (০.৩%), প্রদর্শনী খামার অন্তর্ভুক্তিতে স্বজনপ্রীতি (০.৫%), অন্যান্য (৪.১%)
- **নিয়ম-বহির্ভূত অর্থ:** সেবাগ্রহীতাদের ১৬.২%
- **অর্থের পরিমাণ:** সার্বিকভাবে গড়ে ২৪৫ টাকা, সার (গড়ে ২৭৬ টাকা), বীজ (গড়ে ১৮৩ টাকা), ভর্তুকি (গড়ে ১৬৬ টাকা)

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# খাতওয়ারি দুর্নীতি

## বিদ্যুৎ

- **সেবা গ্রহণ:** ৪৫.৫% খানা
- **দুর্নীতির শিকার:** ১৮.৩%
- **প্রতিষ্ঠান ভেদে দুর্নীতির শিকার:** বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (২১.৯%), পল্লী বিদু¨তায়ন বোর্ড (১৭%), ডিপিডিসি (১৪.২%), ওজোপাডিকো (১৩.৫%), ডেসকো (১১.৩%)
- **দুর্নীতির ধরন:** ঘুষ/ অতিরিক্ত অর্থ (৬৮.৮%), সময়ক্ষেপণ (৩৩.৭%)
- **নিয়ম-বহির্ভূত অর্থ:** সেবাগ্রহীতাদের মধ্যে ১২%
- **নিয়ম-বহির্ভূত অর্থের পরিমাণ:** সার্বিকভাবে গড়ে ১,৭২৫ টাকা

# খাতওয়ারি দুর্নীতি

## কর ও শুল্ক

- **সেবা গ্রহণ:** ২.৫% খানা
- **দুর্নীতির শিকার:** ১৬.৮%
- **দুর্নীতির ধরন:** নিয়ম-বহির্ভূত অর্থ (৭১.৯%), অযথা সময়ক্ষেপণ (৩৬.৩%), অন্যান্য (বেশি কর নির্ধারণ, ক্ষমতার অপব্যবহার) (১৭.৭%)
- **নিয়ম-বহির্ভূত অর্থের পরিমাণ:** সার্বিকভাবে গড়ে ৩,৪৮২ টাকা

# খাতওয়ারি দুর্নীতি

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

## ব্যাংকিং

- **সেবা গ্রহণ: ৪৪.৫% খানা**
- **দুর্নীতির শিকার: ৭.১%**
- **প্রতিষ্ঠান ভেদে দুর্নীতির শিকার:** সরকারি তফসিলি ব্যাংক (৬২.১%), কৃষি ব ্যাংক (৩২.৮%), বেসরকারি ব্যাংক (৭.৭%)
- **দুর্নীতির ধরন:** সেবা পেতে ঘুষ (৬০.৬%), অতিরিক্ত সময় (৩৬.২%), সেবা প্রদানকারীর কাছ থেকে অসহযোগিতা (১৪.৮%), আংশিক/ ভুল তথ্য দিয়ে ঋণ গ্রহণে উৎসাহিত করা (১.৫%), বিভিন্ন ধরনের কাগজ ও দলিল জমা দেওয়ার জন্য চাপ (১.৬%)
- **অর্থের পরিমাণ:** সার্বিকভাবে গড়ে ২,৩১৮ টাকা; গ্রামাঞ্চলে ২,৩৭৯ টাকা এবং শহরাঞ্চলে ১,৯৬৩ টাকা

# খাতওয়ারি দুর্নীতি

## বীমা

- **সেবা গ্রহণ:** ২৪.২% খানা
- **দুর্নীতির শিকার:** ৬%; বেসরকারি বীমা প্রতিষ্ঠানে দুর্নীতির শিকার ৯৪.৩%
- **সেবার ধরন অনুযায়ী দুর্নীতি:** জীবন বীমা (৭৮.৯%), সঞ্চয় বীমা (২০.৩%), অন্যান্য (০.২%)
- **দুর্নীতির ধরন:** কিস্তির টাকা আত্মসাৎ (৫৫%), বিভিন্ন সুবিধার প্রলোভন দেখিয়ে বীমা করানোর পরও সেসব সুবিধা না দেওয়া (৪৭.৮%), বীমার হিসাব খোলার সময় বিভিন্ন শর্ত সম্পূর্ণভাবে প্রকাশ না করা (২৬.১%), বীমার দাবি পরিশোধে অতিরিক্ত সময় নেওয়া (১৭.১%), ঘুষ (৫.৯%), সম্পূর্ণ টাকা না দেওয়া (৫.৪%)
- **অর্থের পরিমাণ:** সার্বিকভাবে গড়ে ৯,২২২ টাকা; গ্রামাঞ্চলে গড়ে ১১,২৪০ টাকা, শহরাঞ্চলে গড়ে ৪,৪৬৯ টাকা

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# খাতওয়ারি দুর্নীতি

## এনজিও

- সেবা গ্রহণ: ৩৭.৯% খানা; ক্ষুদ্র ঋণ নিয়েছে ৮৫.১% খানা
- দুর্নীতির শিকার: ৫% খানা; জাতীয় পর্যায়ের এনজিও (৬৮%), গ্রামীণ ব্যাংক (২১.৭%), স্থানীয় পর্যায়ের এনজিও (১৭.৯%)
- নিয়ম-বহির্ভূত অর্থ: ১.৬%
- অর্থের পরিমাণ: সার্বিকভাবে গড়ে ৮৩১ টাকা
- ঋণের টাকা যথার্থ কারণে ব্যয় হয়েছে কিনা তার ওপর এনজিও পরিবীক্ষণ: ৫৯.৬% খানায় পরিবীক্ষণ হয়নি

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# খাতওয়ারি দুর্নীতি

## অন্যান্য

- **সেবা গ্রহণ:** ১৩.৭% খানা
- **সেবা খাতের ধরন:** বিভিন্ন প্রতিষ্ঠানে নিয়োগ, পদোন্নতি ও বদলি (৪.৪%), পাসপোর্ট (২.৯%), বিআরটিএ (২.৯%), ওয়াসা (১.৯%), ডাক বিভাগ (১.৫%), পেনশন (০.৪%), বিটিসিএল (০.৩%), গ্যাস (০.৩%), রেলওয়ে (০.২%), অন্যান্য (০.৮%)
- **দুর্নীতির শিকার:** ৪১.১%
- **খাত-ভিত্তিক দুর্নীতির শিকার:** বিআরটিএ (৬৫.৫%), পাসপোর্ট (৬০.৯%), বিটিসিএল (৫৯.৭%), পেনশন (৩৯%), গ ̈াস (২৭.৩%), বিভিন্ন প্রতিষ্ঠানের নিয়োগ, পদোন্নতি ও বদলি (২২%), ডাক বিভাগ (১৮%), ওয়াসা (৭.১%), অন্যান্য (৭৫.৭%)
- **নিয়ম-বহির্ভূত অর্থ:** ৩৪% খানা
- **অর্থের পরিমাণ:** সার্বিকভাবে গড়ে ১০,১৯৩ টাকা

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# জরিপে প্রাপ্ত উল্লেখযোগ্য তথ্য

- জরিপের নির্ধারিত সময়ে সার্বিকভাবে বাংলাদেশের ৯৯.৭% খানা কোনো না কোনো খাত বা প্রতিষ্ঠান থেকে সেবা নিয়েছে; সর্বাধিক সেবা গ্রহণের খাত স্বাস্থ্য (৭৯.৯%) ও শিক্ষা (৭১.২%)
- সেবা গ্রহণকারী খানার ৬৩.৭% সেবা গ্রহণ করার সময় কোনো না কোনো ধরনের দুর্নীতির শিকার; সার্বিকভাবে গ্রামাঞ্চলে দুর্নীতির শিকার ও নিয়ম-বহির্ভূত অর্থ দেওয়ার হার শহরাঞ্চলের তুলনায় বেশি (বীমা, ভূমি প্রশাসন, ব্যাংকিং)
- সেবা গ্রহণের প্রেক্ষিতে সর্বাধিক দুর্নীতিগ্রস্ত খাত শ্রম অভিবাসন (৭৭%); এর পরেই আইন-শৃঙ্খলা রক্ষাকারী সংস্থা (৭৫.৮%), ভূমি প্রশাসন (৫৯%) ও বিচারিক সেবা (৫৭.১%)
- সেবা গ্রহণের সময় বাংলাদেশের ৫৩.৩% খানাকে কোনো না কোনো খাতে নিয়ম-বহির্ভূত অর্থ দিতে হয়েছে; এসব খানার নিয়ম-বহির্ভূত অর্থের গড় ১৩,০৮৪ টাকা; জরিপকৃত খানাপ্রতি নিয়ম-বহির্ভূত অর্থের গড় ৬,৯০০ টাকা
- জাতীয়ভাবে প্রদত্ত মোট নিয়ম-বহির্ভূত অর্থের পরিমাণ ২১,৯৫৫.৬ কোটি টাকা

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# জরিপে প্রাপ্ত তথ্য: কিছু পর্যবেক্ষণ

- ২০১০ এর তুলনায় ২০১২ সালে স্বাস্থ্য খাত ছাড়া প্রায় প্রতিটি খাতেই দুর্নীতি ও হয়রানি কমেছে
- সার্বিকভাবে দুর্নীতির প্রকোপ কমার সম্ভাব্য কারণ
  - জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধি
  - ডিজিটালাইজ করার মাধ্যমে সেবা গ্রহণ প্রক্রিয়া সহজতর করা (বিচারিক সেবা, ভূমি, কর ও শুল্ক, ব্যাংকিং, স্থানীয় সরকার প্রতিষ্ঠান)
  - সরকারি কর্মকর্তাদের দুর্নীতিবিরোধী প্রশিক্ষণ
  - কোনো কোনো স্থানীয় সরকার প্রতিষ্ঠানে নির্বাচিত জনপ্রতিনিধিদের দায়িত্বশীল ভূমিকা পালন
  - নাগরিক সমাজ, গণমাধ্যম ও এনজিও'র স্থানীয় পর্যায়ের সচেতনতামূলক কার্যক্রমের কারণে সরকারি সেবা খাতে জনগণের অংশগ্রহণ বাড়ানোর মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি
- সেবা গ্রহণের সময় দুর্নীতির শিকার হওয়ার হার কমলেও নিয়ম-বহির্ভূত অর্থের পরিমাণ বেড়েছে (ব্যাংক, বীমা, ভূমি, আইন-শৃঙ্খলা, বিচারিক সেবা) - কারণ দুর্নীতির জন্য ঝুঁকি বাড়া, মূল্যস্ফীতি এবং মধ্যস্বত্বভোগীর ভূমিকা

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# সুপারিশ

## ক. প্রাতিষ্ঠানিক উদে¨াগ

১. দুর্নীতির বিরুে✖ পদক্ষেপ গ্রহণ

২. দুর্নীতির বিরুে✖ দক্ষতা বৃ✖

৩. নৈতিক আচরণবিধি প্রণয়ন

৪. প্রণোদনা

৫. সেবা খাতে তথ্য প্রযুক্তির ব্যবহার বৃ✖

৬. ‘তথ্য অধিকার আইন ২০০৯’ ও ‘তথ্য প্রকাশকারীর সুরক্ষা আইন ২০১১’ এর কার্যকর বাস্তবায়ন

৭. নাগরিক সনদের বাস্তবায়ন

৮. সেবা প্রদান পর্যায়ে জনসম্পৃক্ততা বৃ✖

ট্রান্সপারেন্সি
ইন্টারন্যাশনাল
বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# সুপারিশ

**খ. নীতি-নির্ধারণী পর্যায়ে উদ্যোগ**

৯. আইনের শাসন প্রতিষ্ঠা

১০. দুর্নীতি প্রতিরোধে জাতীয় সংসদ ও মন্ত্রণালয়ের তদারকি বৃ×

১১. জাতিসংঘের দুর্নীতিবিরোধী কনভেনশন বাস্তবায়ন

১২. স্বাধীন ও শক্তিশালী দুদক

**গ. সচেতনতা, প্রচারণা ও অ্যাডভোকেসি**

১৩. নাগরিক সমাজের প্রতিষ্ঠানের ভূমিকা বৃ×

১৪. গণমাধ্যমের ভূমিকা বৃ×

১৫. অব্যাহত গবেষণা ও পলিসি অ্যাডভোকেসি

**সর্বোপরি কারও প্রতি ভয়, করুণা ও পক্ষপাতিত্বের উর্ধ্বে থেকে দুর্নীতির বিরু× লড়াইয়ে সরকারের নির্বাচনী প্রতিশ্রুতির বাস্তবায়ন নিশ্চিত করতে হবে**

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# ধন্যবাদ